৪। হরি নামের ডঙ্কা মারি, অনুরাগের ত্রিশূল ধরি।
তত্ত্বমসি তরবারী, ধারণ করলে ভয় রবে না।।
৫। দয়াল মহানন্দ বলে, গুরুপদে প্রাণ সঁপিলে।
শঙ্কা নাই তোর কোন কালে, অশ্বিনী কেন বুঝ না।।

## ৮৬ নং তাল-গড়খেমটা

উঠল ভাব সাগরে প্রেমের তুফান চল্‌গে ডুব মরি,
স্বার্থ বল ছাড়ি।।

১। যদি মরতে পার মরার মত, হ'য়ে রূপের অনুগত,
ত্যাজিয়া সংসার অনিত্য, ভ্রান্ত মায়াছাড়ি।
তবে পাবি রতন, মনের মতন অপরূপ রূপের মাধুরী।।
২। ডুব দিয়ে যে না ছাড়ে উস, ঢেউ লেগে সে হয়েছে বেহুশ,
পেয়েছে সে মনের মানুষ, তারে কই ডুবারি।
এবার জাগলে পরে পাবা নারে, অধরে ধর সন্ধান করি।।
৩। প্রেমের লহরে রত্নকরে, কাল মানিক বিরাজ করে,
ধরতে হবে নিরিখ ধরে ছেড়ে সব জাহিরী।
হয়ে বেহাল, পথের কাঙ্গাল, মন মাতাল হওগে প্রেম ভিখারী।।
৪। পান কর প্রেম সুধাসিন্ধু, সই রেখে তোর নাদ' বিন্দু,
ইন্দু মাঝে বিরাজ করে, কিশোর কিশোরী।
হলে প্রেমে আর্ত্তি, যুগল মূর্ত্তি, আনন্দে দেখবি নয়ন ভরি।।
৫। প্রেম সাগরে অতল বারি, মহানন্দের ডুবল তরী,
তারকচাঁদ কয়, ডুবে মরি বলে হরি হরি।
অশ্বিনী কেন ব'সে রলি, অলসেতে দিন কাটালি,
এ সময় সয় নারে আর দেরি।।

## ৮৭ নং তাল-গড়খেমটা

মন চোরা দুঃখ পাশরা দেখ্‌বি যদি তাঁরে।
নিত্যধাম আনন্দ নগরে, চল যাই উজান মেরে।।